আলমডাঙ্গায় নৌকার নির্বাচনী জনসভা সফলের লক্ষে মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির আলমডাঙ্গায় নির্বাচনী জনসভা সফল করার লক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আগামি ৪ জানুয়ারী বৃহস্পতিবার এ টিম ফুটবলে মাঠে এ নির্বাচনি জনসভার লক্ষে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপজেলা ও পৌর এবং ইউনিয়ন আওয়ামীলীগসহ তার সহযোগি সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নির্বাচনী জনসভা সফলের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার বলেন,দলের সভানেত্রী শেখ হাসিনা আমাকে নৌকা প্রতিক দিয়েছেন। নৌকা প্রতিককে বিজয়ী করার লক্ষে আপনারা ঐক্যবদ্ধ ভাবে কাজ করেন । নিজেদের মধ্যে কোন বিভেদ সৃষ্টি করবেন। আগামী ৪ জানুয়ারীর নির্বাচনী জনসভা সফল করার জন্য সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করেন। যারা প্রকৃত আওয়ামীলীগ করেন আমি বিশ্বাস করি তারা অবশ্যই নৌকায় ভোট দেবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি খোস্তার জামিল, প্রশান্ত অধিকারী,সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির সাংগাঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল হক পানু, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, হারদী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম,উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা। আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও

উপস্থিত ছিলেন,আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাবেক উপজেলা আওয়ামীলীগ নেতা, ঠান্ডু মিয়া, সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, সাবেক সাংগাঠনিক সম্পাদক আলম হোসেন,সাবেক উপ- প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, ইউপি চেয়ারম্যান ও হারদী ইউনিয়ন সভাপতি আশিকুর রহমান ওল্টু,কালিদাসপুর ইউপি চেয়ারম্যান আশাদুল হক মিকা, মুন্সি ইমদাদুল হক,ডাউকি ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার, মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, মাহমুদুল হাসান চঞ্চল, সোহানুর রহমান সোহান, বাড়াদী ইউনিয়ন সভাপতি মকবুল হোসেন, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, পৌর যুবলীগের সভাপতি আসাদুল হক ডিটু,ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

ঝিনাইদহে নৌকার প্রার্থী সমি’র নির্বাচনী পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগ মনোনিত নৌকা প্রতীকের প্রর্থীর ঘামঝরা প্রচার প্রচারণা চলছে। নির্বাচনে বিজয় ছিনিয়ে নিতে ভোট প্রার্থনা করতে গ্রামে গ্রামে ছুটছেন

তিনি। পাড়া-মহল্লা, গ্রাম-গঞ্জে ভোটারদের সাথে চলছে গণসংযোগ ও পথসভা।

ঝিনাইদহের নৌকা প্রতীকের প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি বিভিন্ন নির্বাচনী পথসভায় বিগত দিনের উন্নয়নের ধারা বাহিকতা ধরে রাথতে এবং বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলদেশ বিনির্মাণে নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য সকলের নিকট বিনীত অনুরোধ করছেন। তার পথসভায় তৃনমূল আওয়ামী লীগের নেতা কর্মীরা গণজোয়ার সৃষ্টি করছে। তার নেতাকর্মীরা পাড়ায় মহল্লায় সকাল থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন। সকলের দ্বারে দ্বারে গিয়ে ভোট ভিক্ষা করছেন।

আজ মঙ্গলবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের চাদপুর হাইস্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ফজলু মালিতার সভাপতিত্বে এক পথ সভায় বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি এমপি।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, এমপির একান্ত সহকারী রওশন আলী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেনসহ ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। সভার সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রশিদুল্লাহ। এর আগে পাগলা কানাই ইউনিয়নে পথসভা করেণ তিনি। তিনি প্রতিটি পথসভায় আগামী ৭ জানুয়ারী জননেত্রী শেখ হাসিনার দেওয়া নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহবান জানান।

মেহেরপুরে হাতির পিঠে নৌকা নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর

নির্বাচনী প্রচরণা

হাতির পিঠে নৌকা নিয়ে বিশাল এক নির্বাচনী মিছিল করলেন মেহেরপুর-১ সংসদীয় আসনের আওয়ামী লীগ প্রার্থী ও বর্তমান জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আজ মঙ্গলবার ২ জানুয়ারি বিকালে শহরের শহীদ সামসুজ্জোহা পার্কে থেকে বিশাল মিছিলটি বের করা হয়।

মিছিলে নেতৃত্ব দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও নৗকার প্রার্থী ফরহাদ হোসেন। মিছলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে যেয়ে শেষ হয়। জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের আইন বিষায়ক সম্পাদক অ্যাড. পল্লব ভট্টাচার্য, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল সহ বিপুল সংখ্যক নেতা-কর্মী ও নারী কর্মীরা এই মিছিলে অংশ নেয়।

জ্ঞাতসারে কোন আচরণবিধি লংঘন করি নাই, শোকজের উত্তরে নাজমুল হক সাগর

মেহেরপুর-২ সংসদীয় আসনে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে অভিযুক্ত প্রার্থী ডাঃ এ.এস. এম নাজমুল হক সাগর বলেছেন, ‘আমি জ্ঞাতসারে কোন নির্বাচনী আচরনবিধি ভঙ্গ করিনি। তবে আমার অজ্ঞাতসারে নির্বাচনী আচরনবিধি ভঙ্গ হয়ে থাকলে, সেই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখ প্রকাশ করছি। একই সাথে ভবিষতে সুষ্ঠ, শান্তিপুর্ন ও অংশগ্রহন মূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য সর্বাধিক সহযোগীতার প্রতিশ্রুতি প্রদান করছি।’

আজ মঙ্গলবার ২ জানুয়ারী মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ন জেলা ও দায়রা জজ-১ম আদালতের বিচারক মোঃ শাহিনুর রহমানের কাছে শোকজের লিখিত

উত্তরে এ সকল কথা বলেছেন নাজমুল হক সাগর।

উল্লেখ্য, অর্থ ব্যয় করে ফ্রি মেডিকেল ক্যাম্প করা এবং প্রেসক্রিপশনের অপর পিঠে নির্বাচনী পোস্টার ব্যবহার করার অভিযোগে ৩১ ডিসেম্বর নির্বাচন অনুসন্ধান কমিটি তাকে শোকজ করেছিল।

গাংনীতে নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগরের ভোট চেয়ে পথসভা

গাংনীতে নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সন্ধ্যার পর গাংনী সংসদীয় আসনের ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে পথসভা করেন নাজমুল হক সাগর ও আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা।

পথসভায় নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর ধানখোলা বাজারের বিভিন্ন ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করেন এবং ভোট প্রার্থনা করেন। বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রার্থী ডা.নাজমুল হক সাগরকে পেয়ে ধানখোলা বাজারের ব্যবসায়ীরা আবেগ আপ্লুত হয়ে পড়েন। উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে ভোটকেন্দ্রে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন নৌকার প্রার্থী নাজমুল হক সাগরকে বিজয়ী করতে।

ধানখোলা বাজারে পথসভা শেষে তিনি জালশুকা গ্রামে পথসভা করতে যান। জালসুকা গ্রামে বিভিন্ন মোড়ে মোড়ে তিনি সাধারণ ভোটারদের সাথে মতবিনিময় করেন এবং নৌকাকে বিজয়ী করার জন্য তিনি নৌকায় ভোট চান।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি সিরাজুল ইসলাম, গাংনী উপজেলার সাবেক চেয়ারম্যান এ্যাডভোকেট শফিকুল আলম, জেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ আওয়ামীলীগের নেতাকর্মী।

শোকজের উত্তর দিলেন মেহেরপুরের পৌর মেয়র রিটন

আচরণ বিধি লঙ্ঘনের সকল অভিযোগ অস্বীকার করেছেন মেহেরপুরের পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

আজ সোমবার বেলা ১২ টার সময় মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ-২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের কাছে তিনি শোকজের উত্তর দিয়েছেন।

এ সময় তিনি নির্বাচনী প্রচারণায় সরকারি গাড়ি ব্যবহার এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও তার পরিবার নিয়ে কটুক্তি অভিযোগ অস্বীকার করেন। শোকজের লিখিত উত্তরে তিনি বলেছেন আমি সরকারি গাড়ি ব্যবহার করে পৌরসভার কাজে বিভিন্ন এলাকায় গেছি। নির্বাচনী প্রচারণার কোনো কাজে আমি সরকারি গাড়ি ব্যবহার করি নাই। এছাড়াও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও তার পরিবারকে নিয়ে কটুক্তির যে আনা হয়েছে সেটা মিথ্যা। সামাজিক যোগাযোগ মাধ্যমে বক্তব্যের ভিডিও বিকৃত করে ছড়ানো হয়েছে। তবে আগামীতে তিনি আরো সতর্ক থাকবেন বলে অঙ্গীকার করেছেন।

উল্লেখ্য, মেহেরপুর-১ আসনের নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের পক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের লিখিত অভিযোগের প্রেক্ষিতে ৩০ ডিসেম্বর শনিবার মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান ও মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এইচ এম কবির হোসেন তাকে শোকজ করেন।

লিখিত অভিযোগে বাবলু বিশ্বাস বলেছিলেন, মেহেরপুর-১ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেন, তাঁর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, ভাই শহিদ সরফরাজ হোসেন মৃদুল ও ভগ্নিপতি মো: আব্দুস সামাদ বাবলু বিশ্বাসদের উদ্দেশ্য করে ব্যক্তিগত চরিত্র হেয় করতে অশালীন বক্তব্য দিয়েছেন পৌর মেয়র রিটন । তিনি আরো অভিযোগ করেছিলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে দুর্নীতিবাজ, উন্নয়নকাজে বাধাদানকারী হিসেবে

উল্লেখ করে তাকে ও তার পরিবারকে এলাকা ছাড়া করার হুমকি প্রদান করেছেন।

নৌকা প্রতীকে ভোট চাইলেন কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের নেতৃবৃন্দ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য প্রার্থী মাহবুবউল আলম হানিফকে নৌকা প্রতীকে ভোট চাইলেন জেলা শ্রমিক লীগের নেতৃবৃন্দ।

আজ সোমবার দিনব্যাপী কুষ্টিয়া কেন্দ্রীয় বাস টার্মিনালে মোটর শ্রমিক লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে বাস টার্মিনাল ভোট প্রার্থনা করেন। গণসংযোগ ও নির্বাচনী সভায় বক্তব্যে জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মোঃ আমজাদ আলী খান বলেন, শ্রমিকলীগ শুধু দলের প্রতি নয়, দেশের প্রতি দায়িত্ববোধ রেখে কাজ করে। সকলে আগামী ৭ জানুয়ারি ভোট কেন্দ্রে যাবেন, এবং উন্নয়নের প্রতীক নৌকা মার্কায় ভোট দিবেন? কারন নৌকা মানেই উন্নয়ন, নৌকা মানেই শান্তি। আপনারা মনে রাখবেন আমাদের এই কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব-উল আলম হানিফ। তাকে নৌকা প্রতীকে ভোট দিয়ে বিজয়ী করতে হবে।

তিনি আরও বলেন, বিএনপির কাছে মানুষের জীবনের কোনো মূল্য নেই। তাই তারা ক্ষমতায় আসার জন্য মানুষকে আগুনে পুড়ে মারে। তারা অগ্নিসন্ত্রাস করে, বাসে ট্রাক আগুন দিয়ে েপিুড়য় হত্যা করে। কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, সাংগঠনিক সম্পাদক মোঃ ইলিয়াস হোসেন, জেলা যুব শ্রমিক লীগের সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন ও শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন, সদর থানা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মোঃ সেলিম উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মামুন

রানা, জেলা মটর শ্রমিকলীগ নেতা সিদ্দিকুর রহমান, মো: মানিক মিয়া, মো: আইয়ুব আলী, গণপূর্ত কর্মচারী ইউনিয়ন সিবিএ সাধারণ সম্পাদক সোলায়মান কবিরসহ নেতৃবৃন্দ, জিল্লুর রহমান ও নির্বাহী সদস্য হাবিবুর রহমান, শাহ আলম প্রমুখ। মোটরশ্রমিক লীগসহ গণপূর্ত কর্মচারী ইউনিয়ন, সড়ক জনপদের অফিসের কর্মকর্তা-কর্মচারীদেও কাছেও হানিফ ভাইয়ের পক্ষে নৌকা প্রার্থীর পক্ষে ভোট চান নেতৃবৃন্দ।

মুজিবনগরের মোনাখালী ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতিকের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে মুজিবনগরের মোনাখালী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ

সম্পাদক ও মুজিবনগর উপজেলার ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, জাতীয় শ্রমিকলীগ মেহেরপুর জেলা শাখার সাধারন সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবুল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি শান্তি রাজ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নৌকার পক্ষ নেওয়ায় ইউপি চেয়ারম্যানকে প্রাণনাশের হুমকির অভিযোগ

ঝিনাইদহ-১(শৈলকুপা) আসনে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী আব্দুল হাইয়ের কর্মী ও হাকিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আওয়ামী লীগ নেতা শিকদার ওয়াহিদুজ্জামান ইকুকে প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলালের বিরুদ্ধে।

এঘটনায় জীবনের নিরাপত্তা চেয়ে শৈলকুপা থানায় জিডি করেছেন ওই ভুক্তভোগী। শিকদার ওয়াহিদুজ্জামান ইকু প্রয়াত উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শিকদার মোশাররফ হোসেন ও শিকদার শেফালী বেগমের পুত্র এবং শৈলকুপা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

জিডি সূত্রে জানা গেছে,শৈলকুপা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও হাকিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শিকদার ওয়াহিদুজ্জামান ইকু প্রতীক বরাদ্দের পর থেকেই ঝিনাইদহ-১(শৈলকুপা) আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী আব্দুল হাইয়ের নৌকা প্রতীকের পক্ষে প্রচার-প্রচারণা চালিয়ে যাচ্ছেন। এতে করে ওই এলাকায় নৌকা প্রতীকের পক্ষে গণজোয়ার তৈরি হয়েছে। সেজন্য তাঁকে নিজ শিবিরে ভেড়ানোর

জন্য একের পর এক প্রলোভন দেখাতে থাকে ট্রাক প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলাল ও তাঁর স্ত্রী মুনিয়া আফরিন। এমনকি মোটা অংকের টাকার প্রলোভন পর্যন্ত তাঁকে দেখানো হয়।

ওই সকল প্রস্তাবে রাজি না হওয়ায় ইকুকে প্রাণনাশের হুমকি দিয়েছেন স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম দুলাল ও তাঁর স্ত্রী মুনিয়া আফরিন। তারপর থেকেই ভুক্তভোগী ইউপি চেয়ারম্যান ইকুসহ তাঁর অনুসারীরা চরম নিরাপত্তাহীনতায় রয়েছে।

এ সকল অভিযোগের বিষয়ে জানতে ট্রাক প্রতীকের প্রার্থী নজরুল ইসলাম দুলালের ব্যবহৃত মোবাইলে একাধিকবার কল করলেও তিনি রিসিভ করেননি।

এ ব্যাপারে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম চৌধুরী জানান, বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গাংনীতে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের সংবাদ সম্মেলন

মেহেরপুর-২ (গাংনী) আসনের আওয়ামী লীগের দলীয় প্রার্থী ডাক্তার এ এসএম নাজমুল হক সাগরের কর্মী-সমর্থক সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান ও বামুন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস নৌকার প্রার্থীর পক্ষে প্রচারনাকালে একটি মহল্লায় সাধারণ ভোটারদের উদ্দেশে তিনি বলেছেন,যারা নৌকায় ভোট দিবেন তারাই শুধু ভোট কেন্দ্রে যাবেন, নৌকার ভোট দিতে না চাইলে কেন্দে আসার দরকার নাই। নৌকা প্রার্থীর একটি পথসভায় বক্তব্যকালে তিনি নৌকায় ভোট না দিলে বাড়িতে থাকবেন বলে মন্তব্য করেছেন।

এছাড়াও নির্বাচনে ভোটারদের ভোট কেন্দ্রে না যাওয়ার জন্য বিভিন্ন সময়ন হুমকি-ধামকি ও সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বন্ঞিত রাখার হুমকি প্রদান করে আসছেন। এবং নৌকার প্রার্থীর